

- ৬। জীবনানন্দীয় আবহে ভরে থাকা ‘তিতিরকান্নার মাঠ’ কি নিছকই একটি ব্যর্থ প্রেমের গল্প নাকি আমি-পক্ষের গল্প-কথকের দিক থেকে এর একটি বিকল্প পাঠের সম্ভাবনাও থেকে যায়? তোমার মত জানাও।
- ৭। তুমি কি মনে কর আখ্যানের পাশাপাশি কল্পনার সহাবস্থান সোমেন চন্দ্রের ‘ইঁদুর’ গল্পের গতি ও গড়নকে নিয়ন্ত্রণ করেছে? যুক্তিসহ লেখো।

#### অথবা

- ৮। ‘পরী’ গল্পের বয়ান কখনো বাস্তব থেকে সরে যায়নি, অথচ সূক্ষ্ম মোচড়ে ও ইঙ্গিতধর্মিতায় বাস্তবের অন্তঃশায়ী অধিবাস্তবের মায়া জেগে উঠেছে এবং এই মায়া নির্মাণেই গল্পটির সার্থকতা।— এই মন্তব্যটির নিরিখে ‘পরী’ গল্প বিষয়ে তোমার মূল্যায়ন হাজির করো।

### কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

#### বাংলা

কোর্স : পি.জি.-৪.২

বাংলা ছোটগল্প

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। মধ্যবিত্তের স্ববিরোধিতা সুবোধ ঘোষের গল্পে কীভাবে শিল্পিত হয়ে ওঠে পাঠ্য গল্প অবলম্বনে আলোচনা করো।
- ২। ‘গিরগিটি’ গল্পে মায়া ও প্রণবের দাম্পত্য পরিসরে ভুবন সরকারের উপস্থিতি যে আততি সৃষ্টি করে তার স্বরূপ বিশ্লেষণ করো।

#### অথবা

- ৩। রেখা ও কাঞ্চনের নিতান্ত নাগরিক প্রণয়াখ্যানে ‘অশ্বমেধের ঘোড়া’ কীভাবে প্রাসঙ্গিক হয়ে উঠেছে আলোচনা করে বুঝিয়ে দাও।
- ৪। ‘অল্পের জন্যে বেঁচে গেছে যতীন’ বিমল করের ‘ইঁদুর’ গল্পের এই সূচনা বাক্যই ঈষৎ ভিন্নতায় ফিরে আসে গল্পের শেষে ‘যতীন একটুর জন্যে বেঁচে গেছে এই তার ভাগ্যি’—আখ্যান নির্মাণে এই পুনরাবৃত্তিকে তুমি কীভাবে পড়তে চাও জানাও।
- ৫। ঘটনার প্রত্যক্ষতা নয় বরং তার অন্তর্গত গভীরতর ট্রাজেডিই রমাপদ চৌধুরীর ছোটগল্পের অন্যতম অভিজ্ঞান—তোমার পাঠ্য প্রাসঙ্গিক গল্প অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

#### অথবা